বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ
Bangabandhu Sheikh Mujibur Rahman Science and Technology University, Gopalganj
ভর্তি বিজ্ঞপ্তি ২০১৮-১৯/ Admission Circular 2018-19

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এ ২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তির জন্য আবেদন আহ্বান করা হচ্ছে। আবেদনকারীকে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrstu.edu.bd-এ প্রচারিত নিয়মাবলী অনুসারে অনলাইনে আবেদন করতে হবে। আগামী ১৬/০৯/২০১৮ তারিখ রাত ১২:০১ মিনিট থেকে ২২/১০/২০১৮ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে।

webresultbd.com

১। ভর্তি ও আবেদনের যোগ্যতাঃ

(ক) ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের এসএসসি/সমমান এবং ২০১৭ ও ২০১৮ সালের এইচএসসি/সমমান এবং O-লেভেল ও A-লেভেল উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

(খ) A ও I ইউনিটে ভর্তিচ্ছু বিজ্ঞান বিভাগ থেকে আগত ছাত্র-ছাত্রীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ মোট জি পিএ ৭.০০ থাকতে হবে (তবে এসএসসি/এইচএসসি প্রত্যেকটিতে ন্যূনতম ৩.০০ থাকতে হবে)।

(গ) *অন্যান্য ইউনিটের ক্ষেত্রে-*

(i) বিজ্ঞান বিভাগ থেকে আগত ছাত্র-ছাত্রীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ মোট জিপিএ ৬.৫০ থাকতে হবে।

(ii) মানবিক ও বাণিজ্য বিভাগ থেকে আগত ছাত্র-ছাত্রীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ মোট জিপিএ ৬.০ থাকতে হবে।

(ঘ) O-লেভেল ও A- লেভেল উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের O-লেভেলে ৩টি বিষয়ে এবং A-লেভেলে ২টি বিষয়ে ন্যূনতম B গ্রেড পেতে হবে। বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড থাকতে হবে।

২। ভর্তি পরীক্ষায় A, B, C, D, E, F, G, H ও I ইউনিটভুক্ত বিভাগে আসন বণ্টন ও সংশ্লিষ্ট ইউনিটে নম্বর বণ্টন নিচে দেখানো হলোঃ

<table>
<tr><th rowspan="2">ইউনিট ও অনুষদ</th><th rowspan="2">বিভাগসমূহ</th><th colspan="3">আসন বণ্টন</th><th rowspan="2">মোট</th><th colspan="2" rowspan="2">নম্বর বণ্টন
(মোট নম্বর ৮০)</th></tr>
<tr><th>বিজ্ঞান</th><th>মানবিক</th><th>বাণিজ্য</th></tr>
<tr><td rowspan="6">A
ইঞ্জিনিয়ারিং</td><td>১.ক) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং
খ) শেখ হাসিনা ইনস্টিটিউট অব আই.সি.টি, শিবচর</td><td>৭০
৭০</td><td>-
-</td><td>-
-</td><td>৭০
৭০</td><td colspan="2" rowspan="6">পদার্থবিজ্ঞান-৩০, গণিত-৩০
রসায়ন-২০</td></tr>
<tr><td>২.ক) ইলেক্ট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
খ) শেখ হাসিনা ইনস্টিটিউট অব আই.সি.টি, শিবচর</td><td>৬০
৩০</td><td>-</td><td>-</td><td>৬০
৩০</td></tr>
<tr><td>৩.ক) ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং
খ) শেখ হাসিনা ইনস্টিটিউট অব আই.সি.টি, শিবচর</td><td>৬০
৩০</td><td>-</td><td>-</td><td>৬০
৩০</td></tr>
<tr><td>৪. এ্যাপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং</td><td>৬০</td><td>-</td><td>-</td><td>৬০</td></tr>
<tr><td>৫. সিভিল ইঞ্জিনিয়ারিং</td><td>৬০</td><td>-</td><td>-</td><td>৬০</td></tr>
<tr><td>৬. ফুড এন্ড এগ্রোপ্রসেস ইঞ্জিনিয়ারিং</td><td>৬০</td><td>-</td><td>-</td><td>৬০</td></tr>
<tr><td rowspan="5">B
বিজ্ঞান</td><td>১. গণিত</td><td>৭০</td><td>-</td><td>-</td><td>৭০</td><td colspan="2" rowspan="5">পদার্থবিজ্ঞান-৩০, গণিত-৩০
রসায়ন-২০</td></tr>
<tr><td>২. পরিসংখ্যান</td><td>৭০</td><td>-</td><td>-</td><td>৭০</td></tr>
<tr><td>৩. রসায়ন</td><td>৭০</td><td>-</td><td>-</td><td>৭০</td></tr>
<tr><td>৪. পদার্থবিজ্ঞান</td><td>৭০</td><td>-</td><td>-</td><td>৭০</td></tr>
<tr><td>৫. পরিবেশ বিজ্ঞান ও দূর্যোগ ব্যবস্থাপনা</td><td>১০০</td><td>-</td><td>-</td><td>১০০</td></tr>
<tr><td rowspan="5">C
জীববিজ্ঞান</td><td>১. ফার্মেসি</td><td>৫০</td><td>-</td><td>-</td><td>৫০</td><td>বিজ্ঞান শাখার জন্য</td><td>অন্যান্য শাখার জন্য (শুধুমাত্র মনোবিজ্ঞান বিভাগের জন্য)</td></tr>
<tr><td>২. বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি</td><td>৫০</td><td>-</td><td>-</td><td>৫০</td><td rowspan="4">পদার্থবিজ্ঞান-১৫,
রসায়ন-৩০,
জীববিজ্ঞান-৩৫</td><td rowspan="4">বাংলা-২০, ইংরেজি-৩৫, সাধারণ জ্ঞান-২৫</td></tr>
<tr><td>৩. বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং</td><td>৫০</td><td>-</td><td>-</td><td>৫০</td></tr>
<tr><td>৪. মনোবিজ্ঞান*</td><td>৪০</td><td>৪০</td><td>২০</td><td>১০০</td></tr>
<tr><td>৫. উদ্ভিদ বিজ্ঞান</td><td>৬০</td><td></td><td></td><td>৬০</td></tr>
<tr><td rowspan="3">D
মানবিক</td><td>১. ইংরেজি</td><td>১০</td><td>৫৫</td><td>৫</td><td>৭০</td><td colspan="2" rowspan="3">বাংলা-৩০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-১০</td></tr>
<tr><td>২. বাংলা</td><td>১৫</td><td>৬৫</td><td>১০</td><td>৯০</td></tr>
<tr><td>৩.ইতিহাস (বঙ্গবন্ধু ইন্সিটিউট অব লিবারেশন ওয়ার এন্ড বাংলাদেশ স্টাডিজ)</td><td>১৫</td><td>১৭০</td><td>১৫</td><td>২০০</td></tr>
<tr><td rowspan="5">E
সামাজিক বিজ্ঞান</td><td>১. অর্থনীতি</td><td>৩০</td><td>৩০</td><td>১০</td><td>৭০</td><td colspan="2" rowspan="5">বাংলা-২০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-২০</td></tr>
<tr><td>২. সমাজবিজ্ঞান</td><td colspan="3">১০০ (সম্মিলিত)</td><td>১০০</td></tr>
<tr><td>৩. লোকপ্রশাসন</td><td colspan="3">৯০ (সম্মিলিত)</td><td>৯০</td></tr>
<tr><td>৪. আন্তর্জাতিক সম্পর্ক</td><td colspan="3">১০০ (সম্মিলিত)</td><td>১০০</td></tr>
<tr><td>৫. রাষ্ট্র বিজ্ঞান</td><td colspan="3">২০০ (সম্মিলিত)</td><td>২০০</td></tr>
<tr><td rowspan="5">F
ব্যবসায় শিক্ষা</td><td>১. ম্যানেজমেন্ট স্টাডিজ</td><td>১৫</td><td>৫</td><td>৫০</td><td>৭০</td><td>বাণিজ্য শাখার জন্য</td><td>অন্যান্য শাখার জন্য</td></tr>
<tr><td>২. একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস</td><td>১৫</td><td>৫</td><td>৫০</td><td>৭০</td><td rowspan="4">ইংরেজি-২০,
হিসাব বিজ্ঞান-৩০,
ব্যবসায় নীতি-৩০</td><td rowspan="4">বাংলা-২০, ইংরেজি-৩৫, সাধারণ জ্ঞান ও গাণিতিক যুক্তি-২৫</td></tr>
<tr><td>৩. মার্কেটিং</td><td>১৫</td><td>৫</td><td>৫০</td><td>৭০</td></tr>
<tr><td>৪. ফাইন্যান্স এন্ড ব্যাংকিং</td><td>১৫</td><td>৫</td><td>৫০</td><td>৭০</td></tr>
<tr><td>৫. ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট</td><td>১০</td><td>৫</td><td>৩৫</td><td>৫০</td></tr>
<tr><td>G
আইন</td><td>১. আইন</td><td colspan="3">১০০ (সম্মিলিত)</td><td>১০০</td><td colspan="2">বাংলা-২০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-২০</td></tr>
<tr><td rowspan="3">H
শেখ হাসিনা কৃষি ইনস্টিটিউট, কুশলী ক্যাম্পাস, টুঙ্গীপাড়া</td><td>১. কৃষি</td><td>১৯৫</td><td>-</td><td>-</td><td>১৯৫</td><td colspan="2" rowspan="3">পদার্থবিজ্ঞান-১৫, রসায়ন-৩০, জীববিজ্ঞান-৩৫</td></tr>
<tr><td>২. ফিশারিজ এন্ড মেরিন বায়োসাইন্স</td><td>৮০</td><td>-</td><td>-</td><td>৮০</td></tr>
<tr><td>৩. লাইভস্টক সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন</td><td>৫০</td><td>-</td><td>-</td><td>৫০</td></tr>
<tr><td>I
আর্কিটেকচার</td><td>১.আর্কিটেকচার</td><td>৪০</td><td>-</td><td>-</td><td>৪০</td><td colspan="2">পদার্থ-২০, গনিত-২০, রসায়ন-১০, ড্রয়িং-৩০</td></tr>
</table>

*C-ইউনিট (জীববিজ্ঞান) অনুষদভুক্ত মনোবিজ্ঞান বিভাগের জন্য মানবিক ও বাণিজ্য শাখার ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারবে।

বিশেষ দ্রষ্টব্যঃ

(ক) মুক্তিযোদ্ধা কোটায় ৫%, প্রতিবন্ধী কোটায় ১%, পোষ্য কোটায় ১%, খেলাধুলা/সাংস্কৃতিক কোটায় ১% এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ১% করে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে (কোটাসমূহ মূল আসনের অতিরিক্ত)। Around 100 seats will also be reserved for foreign students – details in page 3-6

(খ) ভর্তি পরীক্ষায় মোট নম্বর ৮০ এবং পাশ নম্বর ২৫। এছাড়া এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের উপর ১০+১০ = ২০ নম্বর থাকবে।

(গ) ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।(আর্কিটেকচারের জন্য ড্রয়িং থাকবে। ড্রয়িং-এর কাগজ ব্যতিত ড্রয়িং-এর উপকরণ নিয়ে আসতে হবে)। প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫% নম্বর কাটা যাবে।

(ঘ) ইংরেজি বিভাগে ভর্তির ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১৪ নম্বর পেতে হবে।

৩। ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ

তারিখ	*বার*	*ইউনিট*	*সময়*	*ইউনিট*	*সময়*		
০২/১১/২০১৮	শুক্রবার	**D**	**10.00AM**	**E**	**3.00 PM**	*সিটপল্যান সহ অন্যান্য তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানা যাবে।*	
০৩/১১/২০১৮	শনিবার	**F**	**10.00 AM**	**G**	**3.00 PM**		
০৯/১১/২০১৮	শুক্রবার	**C**	**10.00 AM**	**H**	**3.00 PM**		
১০/১১/২০১৮	শনিবার	**A**	**10.00 AM**	**B**	**1.00 PM**	**I**	**3.30 PM**

৪। আবেদনের নিয়মাবলী (শুধুমাত্র অনলাইনের মাধ্যমে)ঃ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.admission.bsmrstu.edu.bd) গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। উক্ত ফরমটি যথাযথভাবে পূরণ করা হলেই আবেদনকারী তার প্রত্যেক ইউনিটের (যে সকল ইউনিট পছন্দ করবে) জন্য একটি করে Bill Number পাবে। শুধুমাত্র O-লেভেল, A-লেভেল এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আবেদনকারীকে মার্কসীট আপলোড করে Bill Number সংগ্রহ করতে হবে। আবেদন করার নিয়ামাবলী Flow Chart আকারে ওয়েবসাইটে (www.admission.bsmrstu.edu.bd) পাওয়া যাবে।

৫। আবেদন ফি প্রদানের নিয়মাবলিঃ

শিওরক্যাশের (SureCash) যে কোন মোবাইল ব্যাংকিং বা এজেন্ট পয়েন্টের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের Keyword: "BSMRSTU"-এ আবেদন ফি বাবদ প্রতিটি ইউনিটের জন্য ৯০০/= টাকা জমা দিতে হবে। Payment সফলভাবে সম্পূর্ণ হওয়ার পর আবেদনকারীকে "Transaction ID" প্রদান করা হবে, যা প্রবেশপত্র ডাউনলোড করার সময় প্রয়োজন হবে। আগামী ১৬/০৯/২০১৮ তারিখ রাত ১২:০১ মিনিট থেকে ২২/১০/২০১৮ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত টাকা জমা দেয়া যাবে। Payment প্রদানের বিস্তারিত Flow Chart আকারে ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬। ***প্রবেশপত্র ডাউনলোড করার পদ্ধতি ঃ***

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.admission.bsmrstu.edu.bd) গিয়ে আবেদনকারী যে সকল ইউনিটে Payment করেছে সে সকল ইউনিটের জন্য প্রাপ্ত "Transaction ID" দিয়ে Payment Verify করতে হবে। এরপর আবেদনকারীকে তার সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি আপলোড করে, ইউনিটভিত্তিক প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। এরপর A4 সাইজের অফসেট কাগজে প্রিন্ট করে স্বাক্ষরের স্থানে স্বাক্ষর করে ভর্তি পরীক্ষার দিন অবশ্যই সাথে করে নিয়ে আসতে হবে।

৭। কোটায় ছাত্রছাত্রী ভর্তি সম্পর্কিত তথ্যাবলীঃ

কোটায় আবেদনকারীদের আবেদন ফরমে নির্ধারিত কোটা সিলেক্ট করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী কোটা (FF),অত্র বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী ওয়ার্ড কোটা (WD), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা (TR), শারীরিক প্রতিবন্ধী কোটা (PC) এবং সাংস্কৃতিক/খেলাধুলা কোটা (CS) উল্লেখ করতে হবে। নিম্নলিখিত কাগজপত্র সমূহ প্রযোজ্য ক্ষেত্রে থাকতে হবেঃ

i. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র।
ii. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদেরকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্পর্কিত মূল প্রত্যয়নপত্র।
iii. শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র।
iv. পোষ্য ও সাংস্কৃতিক/খেলাধুলা কোটার ক্ষেত্রে যথাযথ প্রমাণ পত্র দাখিল করতে হবে।

লক্ষণীয় বিষয় ঃ

১. ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীকে ডাউনলোডকৃত প্রবেশপত্রের Printed Copy আনতে হবে।
২. পরীক্ষায় Fx-100 (MS, S, V, W, Z, C, D), Fx-570 (MS, S, W, Z), Fx-991(MS, W, S, H, Z) মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
৩. মোবাইল ফোন বা কোন প্রকার ইলেকট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
৪. আবেদনের সময় কোটা উল্লেখ করতে হবে।
৫. GCE সনদধারীদের পরীক্ষার হলে মূল ট্রান্সক্রিপ্ট ও তার ফটোকপি আনতে হবে।
৬. বিভিন্ন আন্তর্জাতিক অলিম্পিয়াডে অংশগ্রহণ করে স্বর্ণ/রৌপ্য/ব্রোঞ্জ পদক প্রাপ্তরা পাশ নম্বর পেলেই ভর্তি হতে পারবে।
৭. বর্তমানে আবাসিক হলসমূহে আসন খালি না থাকায় ভর্তিকৃত কোন শিক্ষার্থীকে আবাসন সুবিধা দেয়া যাবে না।
৮. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত যে কোন আইন সংশোধন, সংযোজন বা পরিবর্তন করতে পারবে।
৯. আবেদনপত্র, ছবি ও অন্যান্য ক্ষেত্রে মিথ্যা তথ্য প্রদান করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।



প্রফেসর ড. মোঃ নূরউদ্দিন আহমেদ
রেজিস্ট্রার